

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/২৪ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৪১-আইন/২০২০/১২৯-মূসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, ১১ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৪৭-আইন/২০২০/১০৮-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (৪) এর এন্ট্রি “প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয়মূল্য (প্যাকেটের গায়ে সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে)” এর পরিবর্তে “প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয়মূল্য (প্যাকেটের গায়ে সিগারেটের সংখ্যা, সুস্পষ্ট লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার এবং ফ্লোভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট বাজারে নিম্নস্তরে সরবরাহের ফলে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির কারণে জনস্বাস্থ্যের ঝুঁকি বৃদ্ধি পাইতে পারে বিধায় স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় ফ্লোভারিং ক্যাপসুল সম্বলিত সিগারেট মধ্যমস্তরের নিম্নে সরবরাহ করা যাইবে না শর্তে)” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মাসুদ সাদিক  
সদস্য (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪১৯১)

মূল্য : টাকা ৪.০০